

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ৪র্থ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহম্মদ গোলামুর রহমান
মহাপরিচালক (দা.), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
তারিখ : ২৬ জুন ২০১৯
সময় : বিকাল ৩.৩০ টা
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা নিয়ে আলোচনা করেন। ৪র্থ কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ ও অংশীজনের অংশগ্রহণে একটি সভা আয়োজন করা, শুদ্ধাচার পুরস্কার প্রদান ইত্যাদি। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	সভাপতি তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন বিষয়ে জানতে চাইলে নৈতিকতা কমিটির সদস্য সচিব মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) এস.এম আশরাফুল আবেদীন আশা, এর অনলাইন প্রশিক্ষণ শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারে সম্পন্ন হয়। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জনাব আজিজুল হক, সহকারী পরিচালক (ভূ-রসায়ন) কে মনোনয়ন দেওয়া হয়। বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা ছিল যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।	ক) বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সনদ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ওয়েব সাইটে তথ্য অধিকার সংক্রান্ত আইকন হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সংযুক্ত) এবং সহকারী পরিচালক (ভূ-রসায়ন)

<p>২.২</p>	<p>সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ অনুযায়ী খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে থেকে পুরস্কার প্রদানের লক্ষ্যে বিএমডির মহাপরিচালকের সভাপতিত্বে বাছাই কমিটি ১৬ জুন ২০১৯ তারিখে গঠন করা হয়েছে। ১৮.০৬.২০১৯ তারিখে বাছাই কমিটির ১ম সভা হয়। উক্ত সভায় গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত প্রত্যেক কর্মকর্তার এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত প্রত্যেক কর্মচারীর মূল্যায়ন পদ্ধতির ছক পূরণ করে সভাপতির নিকট দাখিল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বাছাই কমিটির ২য় সভা ২৫.০৬.২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত ০৫ (পাঁচ) জন কর্মচারীর মধ্যে হতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হোন জনাব মোঃ আব্দুল আলীম, সহকারী পরিচালক এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ০৪ (চার) জন কর্মচারীর প্রতিটি মূল্যায়ন পদ্ধতির ছক পর্যালোচনা করে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মচারী হোন মেহেরুন্নেসা, উচ্চমান সহকারী।</p>	<p>ক) ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী গ্রেড ১-১০ ভুক্ত কর্মচারী হিসেবে জনাব মোঃ আব্দুল আলীম, সহকারী পরিচালককে ‘শুদ্ধাচার পুরস্কার ২০১৮-১৯’ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর ৭ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী পুরস্কার হিসেবে তিনি একটি সার্টিফিকেট এবং ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>খ) ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী গ্রেড ১১-২০ ভুক্ত কর্মচারী হিসেবে মেহেরুন্নেসা, উচ্চমান সহকারীকে ‘শুদ্ধাচার পুরস্কার ২০১৮-১৯’ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ এর ৭ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী পুরস্কার হিসেবে তিনি একটি সার্টিফিকেট এবং ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>মহাপরিচালক (দা.) এবং কমিটির সকল সদস্য</p>
<p>২.৩</p>	<p>সেবা সহজীকরণের লক্ষ্যে অত্র দপ্তর কর্তৃক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করা হয়েছে। খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার রেজিস্টার সংরক্ষণের বিধান রয়েছে বিধায় বিএমডি’র ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। যা ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। ওয়েব বেইজ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ উদ্যোগটি বাস্তবায়নের ফলে</p>	<p>ক) ওয়েব বেইজ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ সবসময় হালনাগাদ রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>খ) সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা</p>

	বিএমডি'র অভ্যন্তরীণ সেবা প্রদান সহজীকরণ হয়েছে। বিস্তারিত আলোচনান্তে এই ধরনের উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়েছে।		
২.৪	সভাপতি স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ রাখার উপর গুরুত্বারোপ করেন। সকল কর্মকর্তাকে হালনাগাদ তথ্য প্রদানের নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সংযুক্ত) /আইসিটি কর্মকর্তা
২.৫	ই-নথি কার্যক্রম বাস্তবায়ন আন্তরিকতার সাথে সম্পন্ন হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়।		কর্মকর্তা/কর্মচারী (সকল)

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মুহম্মদ গোলামুর রহমান)
মহাপরিচালক (দা.)
ও
আত্মায়ক, নৈতিকতা কমিটি


২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.৪৪৮ (ক)

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৬
২৭ জুন ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা।

২। সংশ্লিষ্ট নথি।


২৭.৬.১৯
(মুহম্মদ গোলামুর রহমান)
মহাপরিচালক (দা.)